Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

IOM
Islamic Online Madrasah

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

বাংলাদেশে হিন্দুত্ববাদী আগ্রাসন ও আমাদের করনীয়

তত্ত্বাবধায়নেঃ

মাওঃ আলী হাসান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

ইজমা তুল ইশা

রোলঃ 228020239

২০ মে, ২০২৫ ইং

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

রিসার্চের বিষয়ঃ

বাংলাদেশে হিন্দুত্ববাদী আগ্রাসন ও আমাদের করনীয়

এই রিপোর্ট টি ইসলামিক অনালাইন মাদ্রাসার ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজের একটি আনুসাঙ্গিক রিপোর্ট।

তত্ত্বাবধায়নেঃ

মাওঃ আলী হাসান

রিসার্চ ডিপার্টমেন্ট

ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

জমা দিয়েছেনঃ

ইজমা তুল ইশা

রোলঃ 228020239

Through Knowledge towards Jannah

Islamic Online Madrasah – IOM

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, " বাংলাদেশে হিন্দুত্ববাদী আগ্রাসন ও আমাদের করনীয় " বিষয়ক গবেষণাপত্র টি আমার তত্ত্বাবধানে ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ ডিপার্টমেন্ট থেকে ইজমা তুল ইশা, আইডিঃ 228020239 বিচক্ষনতার সাথে সম্পন্ন করেছেন।

(স্বাক্ষর)

তত্ত্বাবধায়নেঃ

মাও: আলী হাসান
রিসার্চ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

(স্বাক্ষর)

এক্সটারনালঃ

মুফতি: আব্দুল ওয়াহিদ
আকিদাহ ও ফিকহ ডিপার্টমেন্ট
ইসলামিক অনলাইন মাদ্রাসা – আইওএম

ঘোষণাপত্র

আমি নিম্নস্বাক্ষরকারী এ মর্মে ঘোষণা করছি যে, " বাংলাদেশে হিন্দুত্ববাদী আগ্রাসন ও আমাদের করনীয় " শিরোনামে এই গবেষণাপত্র ইসলামিক অনলাইন মাদ্রাসার (Islamic Online Madrasah – IOM) ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগের মাও: আলী হাসান উস্তাদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ও নির্দেশনায় সম্পন্ন করেছি। অন্য কোন বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানে কোন প্রকার ডিগ্রি/ডিপ্লোমা অর্জনের জন্য বা প্রকাশের জন্য গবেষণাপত্র সম্পূর্ণ কিংবা এর অংশবিশেষ উপস্থাপন করা হয়নি।

আমি আরও ঘোষণা করছি যে, এই গবেষণা কর্মটি আমার নিজস্ব মৌলিক রচনা। আমার জানা মতে ইতিপূর্বে আর কোন ব্যক্তি এই শিরোনামে কোন গবেষণাপত্র রচনা করেননি।

Ejmatul Esha

(স্বাক্ষর)

তারিখঃ

২০ মে, ২০২৫ ইং

ইজমা তুল ইশা

আইডিঃ 228020239

ব্যাচেলর ইন দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ।

ইসলামিক অনলাইন মাদ্রাসা।

সূচিপত্র

ভূমিকা-

হিন্দুত্ববাদের হিংস্র থাবা পড়েছে আমাদের এই প্রাণপ্রিয় বাংলাদেশ এর উপর।

হিন্দুত্ববাদ (Hindutva)একটি জাতীয়তাবাদ বা রাজনৈতিক মতবাদ। এই মতবাদের ভিত্তি ১৯২৩ সালে বিনায়ক দামোদর সাভারকারের 'হিন্দুত্ব: হু ইজ আ হিন্দু' গ্রন্থে প্রতিষ্ঠিত হয়। হিন্দুত্ব শব্দটি শুধুমাত্র হিন্দু ধর্ম নয়, বরং একটি জাতীয়তাবাদী আদর্শ যা ভারতবর্ষকে একক হিন্দু জাতি হিসেবে গঠনের প্রচেষ্টাকে নির্দেশ করে।

বাংলাদেশ, যেখানকার সংখ্যাগরিষ্ঠ জনগণ মুসলমান, সেখানে সাম্প্রতিক বছরগুলোতে এই হিন্দুবাদী আগ্রাসনের নানান রূপ লক্ষ্য করা যাচ্ছে। চুক্তির নামে বিশ্বাসঘাতকতা, সংস্কৃতির নামে আক্বীদাগত আগ্রাসন, মিডিয়ার মাধ্যমে বিভ্রান্তি ছড়ানো এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে কুফরি চিন্তা ঢুকিয়ে দেওয়ার অপচেষ্টা—এসবই একটি সুপরিকল্পিত তাগুতি ষড়যন্ত্রের অংশ। এই আগ্রাসনের ফলে বাংলাদেশের মুসলিম সমাজ, ইসলামি চিন্তা-চেতনা এবং জাতীয় নিরাপত্তা হুমকির মুখে পড়ছে।বাংলাদেশের মুসলিম এবং মানুষের জীবন আজ বিপন্ন এই হিন্দুত্ববাদী আগ্রাসন এর জন্য।

গত কয়েকদশক ধরে এই হিন্দুত্ববাদীরা শোষণ এবং নির্যাতন চালিয়ে আসছে প্রত্যেকটা ক্ষেত্রে, তাই এই ব্যাপারে আমাদের সকলের অবগত থাকা উচিত।

এই থিসিসে বাংলাদেশে হিন্দুবাদী আগ্রাসনের ধরণ, তাদের ব্যবহারকৃত কৌশল, সামাজিক ও রাজনৈতিক প্রভাব এবং তার প্রেক্ষিতে মুসলিম সমাজের করণীয় ও প্রতিরোধ কৌশল বিশ্লেষণ করা হয়েছে।

এই গবেষণার উদ্দেশ্য হলো বাস্তব পরিস্থিতির ভিত্তিতে সচেতনতা সৃষ্টি করা, উম্মাহর অন্তরে ঈমানি তেজ ফিরিয়ে আনা, বাতিলের মুখোশ উন্মোচন করা, এবং আল্লাহর দ্বীনকে এই ভূমিতে প্রতিষ্ঠার জন্য প্রাথমিক দিকনির্দেশনা প্রদান করা।

হিন্দুত্ববাদের ধারণা,উৎস ও আদর্শিক ভিত্তি:

"হিন্দু জাতীয়তাবাদ" একটি মতবাদ। এই মতবাদটি ১৯২৩ সালে বিনায়ক দামোদ সাভারকার রাজনৈতিক মতবাদ হিসেবে প্রবর্তন করেছিলেন।

হিন্দুত্ববাদ শব্দটি প্রথমে বাংলা সাহিত্যিক ও লেখক উপেন্দ্রনাথ হাওসু উনবিং শতকে ব্যবহার করেছিলেন এবং পরে বাল গঙ্গাধর তিলক এটি ব্যবহার করেন। তা ওই সময় এই শব্দটি কেবল ঐতিহ্যবাহী হিন্দু সংস্কৃতির জন্য ব্যবহৃত হয়েছিল। এ বিপরীতে সাভারকর এই শব্দটিকে একটি রাজনৈতিক মতাদর্শ হিসেবে উপস্থাপন

করেছিলেন:

“সাধারণ দৃষ্টিকোণ থেকে এর অর্থ হলো হিন্দুপন, অর্থাৎ কে কতটা হিন্দু। এবং যদি সেই দৃষ্টিভঙ্গি অনুযায়ী এই মতবাদে 'হিন্দু' শব্দটি ব্যবহৃত হয়, তা বিবেচনা করা হলে এর অর্থ হতে পারে- কে কতটা হিন্দুস্তানি।

সাভারকারের মতে হিন্দুত্ববাদের তিনটি ভিত্তি রয়েছে:

এক. রাষ্ট্র (সমন্বিত সমাজ)

দুই. জাতি (সমন্বিত জাতি-গোষ্ঠী)

তিন. সংস্কৃতি (সমন্বিত সভ্যতা ও সংস্কৃতি)

এই তিনটি ভিত্তিকে সামনে রেখে সাভারকার "হিন্দু" শব্দের একটি নতুন সংজ্ঞা দিয়েছিলেন, যা হিন্দুত্ববাদের ধারণার ভিত্তি তৈরি করে। সাভারকারের মতে:

"হিন্দু" বলতে সেই ব্যক্তিকে বোঝায়, যার জন্য সিন্ধু নদী থেকে সমুদ্র পর্যন্ত বিস্তৃত ভারতবর্ষের ভূমি কেবলমাত্র তার পিতৃভূমি নয়, একইসঙ্গে তার পবিত্র ভূমি। অর্থাৎ, সেই ভূমি যেখানে তার ধর্মের উৎপত্তি ঘটেছে।"

হিন্দুত্ববাদী মতবাদ অনুসারে, স্থানীয় ধর্মগুলো যেমন হিন্দুধর্ম, জৈনধর্ম, বৌদ্ধধর্ম এবং শিখধর্ম জাতীয়, ঐতিহাসিক এবং সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকে অনেক মিল রয়েছে। এ কারণে তারা জাতি, সংস্কৃতি এবং রাষ্ট্রের দিক থেকেও একত্রিত। এদের সবাইকে "হিন্দু" বা ভারতীয় গোষ্ঠীর অংশ হিসেবে বিবেচনা করা হবে। তবে, সেমেটিক ধর্মগুলো বা আব্রাহামিক ধর্মগুলো (ইসলাম, খ্রিস্টধর্ম এবং ইহুদি ধর্ম) বাইরের দেশ থেকে এসেছে, এদের ইতিহাস ও সংস্কৃতি ভিন্ন, এবং এই ভূখণ্ড তাদের ধর্মের জন্মভূমি নয়। সেজন্য এগুলোকে ভারতীয় ধর্ম হিসেবে বিবেচনা করা হয় না।

এইভাবে এই তত্ত্বের অনুসারীরা ভারতের নাগরিকদের তিনটি শ্রেণীতে বিভক্ত করেন: এক. সবচেয়ে উচ্চ শ্রেণীর হিন্দুস্তানি হলো সেই ব্যক্তি, যিনি হিন্দু ধর্মের অনুসারী।

দুই, দ্বিতীয় শ্রেণীর ভারতীয় হলো সেই ব্যক্তি, যিনি হিন্দুধর্মের পরিবর্তে অন্যান্য স্থানীয় ধর্ম যেমন জৈন ধর্ম, বৌদ্ধ ধর্ম, শিখ ধর্ম ইত্যাদির অনুসারী।

তিন. যে ব্যক্তি ইসলাম, খ্রিস্টান বা অন্যান্য বহিরাগত ধর্মের অনুসারী, সে এই দুই শ্রেণীর মধ্যে পড়ে না এবং তাকে ভারতীয় বলা উচিত নয়।

হিন্দুত্ববাদের চিন্তাবিদদের মতে, যারা সেমিটিক ধর্মাবলম্বী এবং যাদের জাতি ও রাষ্ট্র ভারতীয়, তারা যদি দুটি শর্ত পূর্ণ করেন, তবে তাদের প্রকৃত ভারতীয় বলা যেতে পারে:
এক. তারা ভারতীয় সংস্কৃতিকে গ্রহণ করবেন, অর্থাৎ ভারতীয় রীতিনীতি, প্রথা ও উৎসবগুলোকে গ্রহণ করবেন এবং ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির মধ্যে নিজেকে সম্পূর্ণরূপে মিলিয়ে ফেলবেন।

দুই. এই ভূমিকে তাদের পবিত্র স্থানগুলোর চেয়ে বেশি পবিত্র বলে মনে করবেন।
উদ্দেশ্যসমূহ
এই তত্ত্বটি উপস্থাপন করার মূল উদ্দেশ্যসমূহের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ উদ্দেশ্য ছিল যে, হিন্দুরা নিজেদের মধ্যে জাতি ও শ্রেণীতে ব্যাপকভাবে বিভক্ত, ফলে তাদের মধে ঐক্যের অভাব রয়েছে, যার ফলে অন্যান্য ধর্ম ও জাতি তাদের উপর আধিপত্য বিস্তার করে এবং তাদের শাসন করে। সুতরাং, একটি সাধারণ পরিচয় প্রদান করবে, যা একদিকে হিন্দু ঐক্য (হিন্দু সংগঠন) প্রচার করবে এবং একই সাথে একটি এমন পরিচয় তৈরি করবে, যার মাধ্যমে "হিন্দু" শব্দ শুধুমাত্র হিন্দু ধর্মাবলম্বীদের সাথে সীমাবদ্ধ না থেকে, ভারতের অন্যান্য স্থানীয় ধর্মসমূহ, যেমন বৌদ্ধধর্ম, জৈনধর্ম এবং শিখধর্ম প্রভৃতি, তাদেরও হিন্দু বলা হবে। বরং এক্ষেত্রে আরও এগিয়ে গিয়ে এই স্থানীয় ধর্মগুলোকে হিন্দু ধর্মের অংশ হিসেবেও পরিচিত করা হবে, যাতে তারা বিদেশি ধর্ম এবং জাতির তুলনায় বেশি রাজনৈতিক শ্রেষ্ঠতা অর্জন করতে এবং তাদের উপর আধিপত্য বিস্তার করতে সক্ষম হয়।

লক্ষ্যসমূহ:

হিন্দুত্ববাদের নিম্নলিখিত তিনটি মৌলিক লক্ষ্য রয়েছে:
এক. হিন্দুদের রাজনৈতিকভাবে সক্রিয়, শক্তিশালী এবং প্রভাবশালী করা হবে।
দুই, হিন্দু পরিচয়ের ক্ষেত্রে পুরো উপমহাদেশে সচেতনতা সৃষ্টি করা হবে এবং এমন পদক্ষেপ নেওয়া হবে, যা এই পরিচয়টিকে আরও দৃঢ় করে তুলবে।
তিন, এমন পদক্ষেপ গ্রহণ করা হবে, যার মাধ্যমে সেই সকল ব্যক্তিদের পুরনো ধর্মে ফিরে আসবে, যারা বহিরাগত ধর্ম গ্রহণ করেছেন।

৩-হিন্দুত্ববাদ বনাম হিন্দুধর্ম: একটি তুলনামূলক বিশ্লেষন

হিন্দুধর্ম এক সনাতন ধর্ম। এটি ভারত ও নেপালের প্রধান ধর্ম। এ ছাড়া ইন্দোনেশিয়া, কম্বোডিয়া, শ্রীলঙ্কা, ফিলিপিন্স, দক্ষিণ আফ্রিকা, বাংলাদেশ, পাকিস্তান ও আরও কিছু স্থানের মানুষও হিন্দুধর্ম চর্চা করে থাকে। সারা পৃথিবীতে হিন্দুর সংখ্যা ১২৫ কোটি কি তারও বেশি। ওদিকে হিন্দুত্ববাদ শব্দটির উৎপত্তি হিন্দু থেকে হলেও হিন্দুধর্ম ও হিন্দুত্ববাদের মধ্যে মৌলিক ও ব্যবহারিক পার্থক্য রয়ে গেছে। কোন কোন ক্ষেত্রে ধারণা, প্রয়োগ ও পরিণতির দিক দিয়ে হিন্দুধর্ম ও হিন্দুত্ববাদ একে অপরের বিরোধী। হিন্দুধর্মের উৎপত্তি আড়াই হাজার বছরেরও আগের। এই সনাতন ধর্ম অন্তর্নিহিত অর্থ, ব্যঞ্জনা ও গুরুত্বের দিক দিয়ে আর দশটি ধর্মের মতোই একটি ধর্ম। হিন্দুধর্মের মূল কথা পরমেশ্বরের সঙ্গে মিলিত হওয়ার একটা পদক্ষেপ হিসেবে আত্মার বিশুদ্ধতা অর্জন এবং সেটা ভক্তি, জ্ঞান ও কর্ম বা সৎ কাজের দ্বারা অর্জিত হতে পারে। হিন্দুধর্মে বিশ্বাস করতে হলে বেদ, পুরাণ, শাস্ত্র ও শ্লোকে বিশ্বাস করতে হয়। তাই বলে ধর্মীয় আচার মানা না মানার ব্যাপারে কঠোর বাধ্যবাধকতা নেই।
এর জাতিভেদ প্রথা তথা জাতপাতের অভিশপ্ত ব্যাপারটা ছাড়া ক্ষতিকর দিক তেমন নেই।

অন্যদিকে হিন্দুত্ববাদ কথাটা প্রথম প্রয়োগ করেন হিন্দু জাতীয়তাবাদী নেতা ও হিন্দু স্বার্থের প্রবক্তা বিনায়ক দামোদার সাভারকার। সাভারকার হিন্দুদের হিন্দু হিসেবে গ্রহন করার পরিবর্তে তাদের একটি জাতি হিসেবে দেখেছেন।এবং হিন্দুত্ববাদকে হিন্দু ধর্মের অংশ বলে অভিহিত না করে, বরং হিন্দু ধর্মকে হিন্দুত্ববাদের একটি অংশ হিসেবে উল্লেখ করেছেন।
'হিন্দুত্ববাদ' শব্দটা ভারতের সর্ববৃহৎ হিন্দু জাতীয়তাবাদী জোট 'সংঘ পরিবার' ও এর অঙ্গ সংগঠনগুলো জনপ্রিয় করে তুলেছে। সংঘ পরিবার হিন্দুত্ববাদ শব্দটা ব্যাপক অর্থে বুঝিয়ে ব্যবহার করে থাকে, যার মধ্যে দেশজভাবে ভারতীয় এমন সবকিছুই অন্তর্গত এবং প্রাচীন ভারতের ভৌগোলিক সীমান্তের বাইরে থেকে আগত অন্যান্য ধর্ম ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে আর যা কিছু আমদানি হয়েছে ধর্মসহ, সে সবকিছুই পরিত্যাজ্য।

হিন্দুধর্ম একটা ধর্মীয় বিশ্বাসমাত্র। এটি একটি জীবনধারা এবং অরাজনৈতিক। অর্থাৎ রাজনীতির সঙ্গে এর কোন সম্পৃক্ততা নেই। অন্যদিকে হিন্দুত্ববাদ শব্দের অর্থ, ব্যঞ্জনা ও গুরুত্ব অধিকতর রাজনৈতিক। 'সংঘ পরিবারের' মতো গোঁড়া হিন্দু রাজনৈতিক-সাংস্কৃতিক ছত্রছায়ায় সংগঠনগুলো হিন্দুত্ববাদকে অতি শক্তিশালী রাজনৈতিক অস্ত্র হিসেবে ব্যবহার করে আসছে। অসংখ্য অঙ্গ সংগঠনের মাধ্যমে এই সংঘ পরিবার এমন এক রাজনৈতিক ও সামাজিক ব্যবস্থা কায়েম করতে চায় যেখানে হিন্দুদের একাধিপত্য থাকবে।

হিন্দুধর্ম অন্যান্য ধর্মের প্রতি সহনশীল। অন্যদিকে যে হিন্দু নয় বা হিন্দুদের আধিপত্য মেনে নেয় না, তার কোন স্থান হিন্দুত্ববাদে নেই। হিন্দুধর্ম চরিত্রগতভাবে গণতান্ত্রিক এবং এমন এক বহুদলীয় ও বৈচিত্র্যময় সমাজের সমার্থক, যা অন্যান্য গোষ্ঠীর মতামতের প্রতি শ্রদ্ধাশীল। অন্যদিকে হিন্দুত্ববাদ মনোলিথিক সমাজে বিশ্বাসী, যেখানে হিন্দু ধর্মীয় রীতিনীতি, আচার, প্রথা ও ঐতিহ্যের বাইরে অন্য কিছু থাকবে না।

হিন্দুধর্মের অনেক শাখা-প্রশাখা এবং অনেক সনাতনী ধর্মীয় আচার আছে। এই ধর্মের বিভিন্ন জাত-পাতের লোকেরা বিভিন্ন দেবদেবীর পূজা আর্চনা করে। সব ধরনের দেবদেবীই হিন্দুধর্মে পূজিত। অন্যদিকে হিন্দুত্ববাদ এই বৈচিত্র্যে বিশ্বাসী হলেও রামচন্দ্রকেই হিন্দুত্বের আইকন হিসেবে তুলে ধরে।

হিন্দুধর্ম এক অরাজনৈতিক জীবনধারা। এর কোন সংগঠন নেই, কাঠামো নেই, প্রাতিষ্ঠানিক গঠনতন্ত্র নেই। অন্যদিকে, হিন্দুত্ববাদ ধর্মীয় ও রাজনৈতিক বিশ্বাসের এক জটিল মিশ্রণ থেকে সৃষ্ট একটি রাজনৈতিক, সাংস্কৃতিক ও ধর্মীয় জাতীয়তাবাদী মতবাদ। এটা ধর্মও নয়, আবার জীবনধারাও নয়। এটা এক সাম্প্রতিক ও আগ্রাসী রাজনৈতিক দর্শন যার, মধ্যে জিঙ্গোইজম বা উগ্র স্বদেশপ্রেম, উৎকট জাতীয়তাবাদ ও ধর্মীয় সত্তা জটিলভাবে মিশে আছে। হিন্দুত্ববাদ জাতীয়তাবাদকে একটা নির্দিষ্ট ধর্মীয় বিশ্বাস ও আনুগত্যের সঙ্গে মিশিয়ে ফেলে এবং ধর্মনিরপেক্ষতার বিরুদ্ধে দাঁড়ায়।

কংগ্রেস দলীয় এমপি শশী থারুর সম্প্রতি একটি বই লিখেছেন- 'হোয়াই আই এ্যাম এ হিন্দু।' তাতে তিনি বলেছেন, হিন্দুধর্ম নিজেকে একমাত্র সত্য বা প্রকৃত ধর্ম বলে দাবি করে না। হিন্দুধর্ম জোর দিয়ে বলে যে বিশ্বাসের সমস্ত পথই সমান বৈধ। থারুরের মতে, অন্যদিকে সংঘ পরিবারের বিশ্বাস হিন্দুত্ব এই ধারণার ওপর প্রতিষ্ঠিত যে ভারত প্রাচীনকাল থেকেই হিন্দুদের ভূমি। তার পরিচয় ও সত্তা একে অপরের সঙ্গে অবিচ্ছেদ্যভাবে যুক্ত। হিন্দু সংস্কৃতি ও সভ্যতা স্মরণাতীতকাল থেকে ভারতীয় জীবনের সারবস্তু। তাই সংঘে পরিবারের দাবি অনুযায়ী ভারতীয় জাতীয়তাবাদ আসলে হিন্দু জাতীয়তাবাদ। ভারতের ইতিহাস এই প্রাচীন ভূমির মালিক ও রক্ষক হিন্দুদের ধর্ম ও সংস্কৃতিকে বৈরী বিদেশী হানাদারদের আঘাত থেকে রক্ষা করার সংগ্রামের ইতিহাস। সংঘ পরিবার আরও বলে যে ভারতে অহিন্দুরাও আছে, তবে তারা হানাদার। ভারতের প্রতি তাদের আনুগত্যের ওপর নির্ভর করে তাদের সহ্য করা যেতে পারে, তবে হিন্দুদের শ্রেষ্ঠত্ব মেনে নিয়ে হিন্দু ঐতিহ্য ও সংস্কৃতি গ্রহণ না করলে তাদের হিন্দুদের সমান বলে গণ্য করা যেতে পারে না। সে কারণে হিন্দু ঐক্য ও সংহতি অপরিহার্য বলে সংঘ পরিবার মনে করে। বিশ্বাস করে যে, হিন্দুরা আর সবার বিরুদ্ধে। থারুরের মতে, সংঘ পরিবারের এই মতবাদের দ্বারা হিন্দু ধর্মের প্রকৃত বাস্তবতা অস্বীকার করা হয়।

থারুর বলেন, নিজে হিন্দু ধর্মে বিশ্বাসী হিসেবে তিনি হিন্দুত্ববাদীদের বক্তব্যের সঙ্গে একমত হতে পারেন না। বরং হিন্দু ধর্মের নামে তারা যা করছে বলে দাবি করে তার জন্য তিনি লজ্জিতবোধ না করে পারেন না। তাদের কর্মকা-ের পরিণতিতে যে সহিংসতা হচ্ছে সেটা বিশেষভাবে পীড়াদায়ক।

হিন্দুত্ববাদীরা বেদ, উপনিষদকে তুচ্ছ গোঁড়ামি রাজনীতির হাতিয়ারে পরিণত করেছে। গুন্ডামি, অসহিষ্ণুতা, জাত্যাভিমানী তা-বের উপশম বানিয়েছে। বাবরি মসজিদ ধ্বংস করেছে।

গোহত্যার ওপর নিষেধাজ্ঞা গোরাজনীতি ছাড়া আর কিছু নয়। মুসলমানরা গোহত্যা করে আইন ভঙ্গ করছে, এই অজুহাতে তাদের নির্যাতন ও হত্যা করার একটা মওকা ছাড়াও আর কিছু নয়। নাগারকার আরও লিখেছেন যে গোরাজনীতির সবচেয়ে বেদনাদায়ক দিকটা হলো, এটা ধর্মীয় গ্রন্থাবলী, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য সম্পর্কে হিন্দুত্ববাদীদের অজ্ঞতার আরেক দৃষ্টান্ত। যেমন, গোহত্যা ভারতের অনেক ধর্মীয় অনুষ্ঠানের অবিচ্ছেদ্য অঙ্গ ছিল, এ কথা বেদে বর্ণিত আছে। কিন্তু বেদের এই বক্তব্যে হিন্দুত্ববাদীদের কিছুই যায় আসে না।

প্রতাপ এ্যান্টনি সোশ্যাল সায়েন্সেস ম্যাগাজিনে 'হিন্দুত্ব ইজ ডিফারেন্ট ফ্রম হিন্দুইজম' শিরোনামে এক নিবন্ধে লিখেছেন, হিন্দুধর্ম ও হিন্দুত্ববাদ দুটো আলাদা বিষয়। হিন্দুত্ববাদ হলো মৌলবাদ। হিন্দুত্ববাদের সঙ্গে জড়িয়ে আছে ঘৃণা, বিভক্তি ও অ-আধ্যাত্মিক ক্রিয়াকলাপ। ভারতে অন্যান্য ধর্মের অনুসারীদের ওপর হামলা, সহিংসতা ও ভয়ভীতির পরিবেশ সৃষ্টি এসব কার্যকলাপের জন্য দায়ী হলো হিন্দুত্ববাদী মৌলবাদ। এটা ফ্যাসিবাদেরই বহির্প্রকাশ, যা ভারতে আজ চলছে। সূত্র : ইন্ডিয়া টুডে

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (RSS) ও সংশ্লিষ্ট হিন্দুত্ববাদী সংগঠনসমূহ:

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ (RSS)-

১৯২৩ সালে সাভারকরের লিখা "হিন্দুত্বভা" বই প্রকাশিত হয় এবং এটি পড়ে হেডগেওয়ার নামক এক লোক প্রভাবিত হন এবং ১৯২৫ সালে তিনি RSS প্রতিষ্ঠা করেন।এবং তিমি মারাঠা সাম্রাজ্যের পতাকা এবং ভাগওয়া ধ্বজ(গেরুয়া রং এর পতাকা) কে RSS এর প্রতীক এবং পতাকা হিসেবে গ্রহণ করেছেন।এটি হিন্দু স্বেচ্ছাসেবকদের সমন্বয়ে গঠিত ভারতের সবচেয়ে বড় সংগঠন এবং কর্মীদের দিক দিয়েও এটি বিশ্বের সবচেয়ে বড় বেসরকারি সংগঠন। বর্তমানে সারা বিশ্বে হিন্দু জাতীয়তাবাদ, হিন্দুত্ববাদ ও হিন্দু রাষ্ট্রের মতো স্লোগানগুলোর পতাকা এই সংগঠনই ধারণ করেছে।ভারতে মুসলিম ও খ্রিস্টানদের বিরুদ্ধে "গেরুয়া সন্ত্রাস এবং গণপিটুনির ঘটনা সমূহ এই সংগঠনের কর্মীদের দ্বারাই সংগঠিত হয়।এছাড়াও ভারতীয় পতাকা এবং সংবিধান এর বিরোধিতাও এই সংগঠনটি করে।তাছাড়া ১৯৪৮ সালের গান্ধী হত্যাকারী নাথুরাম গডসেও আরএসএস সদস্য ছিলেন।

ভারতীয় জনতা পার্টি

-১৯৮০ সালে বিজেপির উত্থান এর মাধ্যমে হিন্দুত্ববাদের রাজনৈতিক উত্থান ঘটে, এটি RSS এর রাজনৈতিক শাখা।রাজনৈতিক কর্মীর দিক দিয়ে এটি বিশ্বের সবচেয়ে বড় রাজনৈতিক দল।এরা হিন্দু জনগনের মধ্যে জাতি এবং শ্রেনী বিভেদকে কাজে লাগিয়ে সবাইকে হিন্দু জাতীয়তাবাদ এবং হিন্দুত্ববাদের ধারণায় একত্রিত করেছে।তাছাড়া এদের জনপ্রিয়তার আরেকটি বড় কারণ হলো এরা হিন্দু সংখ্যাগরিষ্ঠের মধ্যে মুসলমানের বিরুদ্ধে ঘৃণা উসকে দিয়েছে।এর ফলস্বরূপ ১৯৯২ সালে বাবরি মসজিদে আক্রমণ চালিয়ে তা ধংস করে এবং প্রায় ২ হাজার মানুষকে হত্যা করে যার মধ্যে অধিকাংশই মুসলিম।২০০২ সালে নরেন্দ্রমোদী গুজরাটে হাজার হাজার মুসলিম পরিবার ধংসের মাধ্যমে হিন্দুদের মধ্যে জনপ্রিয়তা লাভ করে।এর ফলস্বরূপ তারা ২০১৪ এবং ২০১৯ এর নির্বাচনে সফলতা লাভ করে।২০১৪ সালের লোকসভা নির্বাচনে বিজেপির নিরঙ্কুশ বিজয় হিন্দুত্ববাদের মূলধারায় প্রবেশের একটি বড় দৃষ্টান্ত। এই সময় থেকে হিন্দুত্ববাদ কেবল রাজনৈতিক আদর্শ নয়, বরং রাষ্ট্র পরিচালনার নীতিতে রূপ নেয়। গোরক্ষা, লাভ জিহাদ, নাগরিকত্ব আইন (CAA), এবং কাশ্মীর থেকে ৩৭০ অনুচ্ছেদ বিলোপ—এসব পদক্ষেপ হিন্দুত্ববাদী রাষ্ট্রচিন্তার প্রতিফলন

বিশ্ব হিন্দু পরিষদ-

বিশ্ব হিন্দু পরিষদ হিন্দুত্ববাদী একটি চরমপন্থী এবং আক্রমনাত্মক সংগঠন। এরা বৌদ্ধ, জিন শিখ এবং স্থানীয় আদিবাসী ধর্মগুলোকে হিন্দু সম্প্রাদায়ের অংশ হিসেবে মনে করে।এটি ১৯৬৪ সালে প্রতিষ্ঠিত হয়।এদের উদ্দেশ্য হচ্ছে হিন্দু মন্দিরের নির্মান ও উন্নয়ন,এমন মসজিদ বা উপাসনালয় চিহ্নিত করা যেখানে আগে মন্দির ছিলো এবং সেখানে আবার মন্দির নির্মানের

আন্দোলন করা।এবং গরু জবাইয়ের উপর নিষেধাজ্ঞা আরোপ করা।তাছাড়া যারা হিন্দুধর্ম ত্যাগ করে অন্য ধর্ম গ্রহন করেছে তাদের হিন্দুধর্মে ফিরিয়ে আনা।

বজরং দল-

এটি বিশ্বহিন্দু পরিষদ এর যুবশাখা।এটি প্রতিষ্ঠার উদ্দেশ্য ছিলো-অনেকক্ষেত্রে বিশ্ব হিন্দু পরিষদ এর উষ্কানিমূলক ভাষনের কারণে সাম্প্রদায়িক উত্তেজনা বাড়ছিলো এবং দাঙ্গার সৃষ্টি হচ্ছিল, তাই নিজেদের নিরাপত্তার স্বার্থে তারা এই শাখাটি তৈরী করে,কিন্ত পরবর্তী তে দেখা যায় এই শাখার কাজ হচ্ছে সংখ্যালঘুদের বিরুদ্ধে সন্ত্রাসী কার্যকলাপ পরিচালনা করা।এছাড়া **১৯৯২** সালে বাবরি মসজিদের ধংসে এরা ভূমিকা পালন করে। এবং ২০০২ সালে গুজরাট দাঙ্গায় মুসলিম হত্যা এবং মুসলিমনারীদের সম্ভ্রমহানি এবং মুসলিমদের সম্পত্তি এরা লুট করে।২০১৫ সালে বিশ্ব হিন্দু পরিষদ এবং বজরং দল “গোরক্ষা” (গরু হত্যা প্রতিরোধ) নামে আন্দোলন শুরু করে,যেখানে গরু হত্যার অভিযোগে মুসলিমদের নিয়মিত দলবদ্ধভাবে হত্যা করে।এছাড়াও ২০২২ সালে এরা হালাল মাংস বিক্রেতাদের বাড়ি গিয়ে আক্রমণ করে।এবং সোশ্যাল মিডিয়াতেও বিভিন্ন মিথ্যা প্রোপাগান্ডা ছড়ায়।

৫- দক্ষিণ এশিয়ায় হিন্দুত্ববাদের সম্প্রসারণ কৌশল:

হিন্দুত্ববাদ শুধুমাত্র ভারতের অভ্যন্তরীণ রাজনৈতিক মতবাদ নয়, বরং এটি এখন একটি আঞ্চলিক ভূরাজনৈতিক কৌশলে রূপান্তরিত হয়েছে। দক্ষিণ এশিয়ার দেশগুলো—বিশেষ করে বাংলাদেশ, নেপাল, শ্রীলঙ্কা এবং পাকিস্তান—এই সম্প্রসারণ নীতির প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবের মধ্যে রয়েছে। এক্ষেত্রে হিন্দুত্ববাদীদের মূল লক্ষ্য হচ্ছে এই দক্ষিণ এশিয়ার অনঞ্চলগুলোকে একত্র করে “অখন্ড ভারত” নামে একটি হিন্দু জাতীয়তাবাদী রাষ্ট্র তৈরী করা। যার মাধ্যমে তারা প্রাচীন ভারতের পৌরাণিক সীমান্তকে পুনরুদ্ধার করতে চায়।

এছাড়াও তাদের হিন্দুত্বাবাদী যে উদ্দেশ্য গুলো তা পূরণ করতে চায় এই অখন্ড ভারত প্রতিষ্ঠার মাধ্যমে।এর মধ্যে উল্লেখযোগ্য হলো-

১-হিন্দু ধর্মকে কেন্দ্র করে দক্ষিণ এশিয়াজুড়ে একটি "ধর্ম-ভিত্তিক সভ্যতা" গড়ে তোলা।
২-বৌদ্ধ, জৈন ও শিখ ধর্মকেও "হিন্দুধর্মের অংশ" হিসেবে দেখিয়ে এই ধর্মগুলোর স্বাতন্ত্র্য হ্রাস করার প্রয়াস।

৩-মুসলিম ও খ্রিস্টান সম্প্রদায়কে ‘বহিরাগত’ এবং ‘অহিন্দু’ হিসেবে চিহ্নিত করে তাদের সংস্কৃতিকে সীমিত করা।

৪-প্রতিবেশী রাষ্ট্রগুলোকে ভারতের কূটনৈতিক ও অর্থনৈতিক ছত্রছায়ায় আনয়ন করা।
৫-নেপাল, বাংলাদেশ, শ্রীলঙ্কা ইত্যাদি রাষ্ট্রে ভারতপন্থী সরকারকে সমর্থন দিয়ে রাজনৈতিক নিয়ন্ত্রণ বজায় রাখা।

৬-ভারতীয় টেলিভিশন, সিনেমা, ধর্মীয় অনুষ্ঠান, ও পাঠ্যবইয়ের মাধ্যমে দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে **ভারতীয়-হিন্দু সংস্কৃতি** চাপিয়ে দেওয়া।
৭-ইতিহাসের হিন্দুকেন্দ্রিক পুনর্লিখনের মাধ্যমে মুসলিম শাসন ও উপমহাদেশের বহুত্ববাদী ইতিহাসকে অস্বীকার করা।
৮-ভারতীয় সেনাবাহিনী ও গোপন সংস্থাগুলোকে ব্যবহার করে প্রতিবেশী রাষ্ট্রে রাজনৈতিক চাপ সৃষ্টি বা 'সন্ত্রাসবিরোধী অভিযান'-এর নামে হস্তক্ষেপ।

সীমান্ত নিয়ে দ্বন্দ্ব (যেমন: বাংলাদেশ-ভারত সীমান্ত, নেপাল-ভারত মানচিত্র বিরোধ) সৃষ্টি করে প্রতিবেশীদের উপর কর্তৃত্ব বজায় রাখা।
আরএসএস এবং এর সঙ্গে যুক্ত সংগঠনগুলো যদিও এদের হিন্দুত্ববাদী আদর্শকে জাতীয়তাবাদ হিসেবে তুলে ধরে থাকে, প্রকৃতপক্ষে তা ভারতীয়দের ভৌগোলিক সীমানায় আটকে নেই। এই সংঘ পরিবার এদের অখণ্ড ভারত বা অবিভক্ত ভারত পুনঃপ্রতিষ্ঠার যে ধারণা, সেটিই প্রচার করে থাকে। এ ধারণায় এরা আফগানিস্তান থেকে শুরু করে বাংলাদেশ ও মিয়ানমার, নেপাল ও তিব্বত থেকে শুরু করে শ্রীলঙ্কা পর্যন্ত একটি একক রাষ্ট্র গঠনের স্বপ্ন দেখে।

৬-বাংলাদেশ-ভারত সম্পর্কে "ভারতের হিন্দুত্ববাদী আগ্রাসনের উত্থান

ভৌগলিকভাবে বাংলাদেশ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার এমন একটি স্থানে অবস্থিত, যেখান থেকে 'ইন্দো-প্যাসিফিক' অঞ্চলের দেশসমূহে রাজনৈতিক-অর্থনৈতিক নিয়ন্ত্রণ সম্ভব। ফলে বঙ্গোপসাগরের ভূ-রাজনৈতিক গুরুত্ব অনেকগুণ বেড়ে গিয়েছে। 'ইন্দো-প্যাসিফিক' (ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগরকে ঘিরে যে দেশগুলি রয়েছে) অঞ্চলে প্রায় তিনশ কোটি মানুষের বাজার। অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ এ অঞ্চলে নিয়ন্ত্রণ চায় আমেরিকা, চীন, ভারতের মতো শক্তিগুলি।১৯৪৭ সালে দ্বিজাতিতত্ত্বে আমরা পূর্ব পাকিস্তান হলেও ভারত সবসময়ই চেয়েছে বাংলাদেশ তাদের সাথে যুক্ত থাকুক,এরফলস্বরুপ ১৯৭১ এর মুক্তিযুদ্ধে ভারত আমাদের সাহায্য করলেও তাদের মূল লক্ষ্য ছিলো পশ্চিম পাকিস্তান বা পাকিস্তান এর মতো মুসলিম রাষ্ট্র থেকে মুক্ত করে নিজেদের কবলে নেওয়া। এবং অখন্ড ভারত প্রতিষ্ঠার লক্ষ্যে এগিয়ে যাওয়া।
বড় প্রমাণ '৭১-এ ভারত নিজের হাতের মুঠোয় পেয়ে মুজিবনগরের অস্থায়ী বাংলাদেশ সরকারকে ভারতের সাথে গোপনীয় অসম ৭ দফা চুক্তি করতে বাধ্য করেছিল। এ চুক্তি ৭ দফা চুক্তি নামে খ্যাত।

চুক্তির শর্তসমূহ :

দফা-১ : যারা সক্রিয়ভাবে মুক্তিযুদ্ধে অংশ নিয়েছে, শুধু তারাই প্রশাসনিক কর্মকর্তা পদে নিয়োজিত থাকতে পারবে। বাকীদের চাকরিচ্যুত করা হবে এবং সেই শূন্য পদ পূরণ করবে ভারতীয় প্রশাসনিক কর্মকর্তারা।

দফা-২ : বাংলাদেশ স্বাধীন হওয়ার পর প্রয়োজনীয় সংখ্যক ভারতীয় সৈন্য বাংলাদেশে অবস্থান করবে (কিন্তু কতদিন অবস্থান করবে তার সময়সীমা নির্ধারণ করা হয়নি)। ১৯৭২ সালের নভেম্বর মাস থেকে আরম্ভ করে প্রতি বছর এ সম্পর্কে পুনঃ নিরীক্ষণের জন্য দু'দেশের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হবে।

দফা-৩ : বাংলাদেশের কোন নিজস্ব সেনাবাহিনী থাকবে না।

দফা-৪ : অভ্যন্তরীণ আইন শৃংখলা রক্ষার জন্য মুক্তিবাহিনীকে কেন্দ্র করে একটি প্যারামিলিশিয়া বাহিনী গঠন করা হবে।

দফা-৫ : সম্ভাব্য ভারত-পাকিস্তান যুদ্ধে অধিনায়কতব দিবেন ভারতীয় সেনাবাহিনী প্রধান, মুক্তিবাহিনীর সর্বাধিনায়ক নন এবং যুদ্ধকালীন মুক্তিবাহিনী ভারতীয় বাহিনীর অধিনায়কত্বে থাকবে।

দফা-৬ : দু'দেশের বাণিজ্য হবে খোলা বাজার (open merket) ভিত্তিক। তবে বাণিজ্যের পরিমাণ হবে বছর ভিত্তিক এবং যার পাওনা সেটা স্টালিংয়ে পরিশোধ করা হবে।

দফা-৭ : বিভিন্ন রাষ্ট্রের সাথে সম্পর্কের প্রশ্নে বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয় ভারতীয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলবে এবং ভারত যতদূর পারে এ ব্যাপারে বাংলাদেশকে সহায়তা দিবে।

অস্থায়ী বাংলাদেশ সরকারের পক্ষে উক্ত সাত দফা গোপন চুক্তিতে স্বাক্ষর করেন তৎকালীন অস্থায়ী রাষ্ট্রপতি সৈয়দ নজরুল ইসলাম। ফলশ্রুতিতে মুক্তিযুদ্ধ শেষে মিত্রবাহিনী প্রায় ৬০ হাযার কোটি টাকার মালামাল এবং মিল-কারখানার যন্ত্রপাতি লুট করে সদ্য স্বাধীনতা অর্জনকারী শিশু রাষ্ট্রকে সম্পূর্ণরূপে পঙ্গু করে পরনির্ভরশীল করার হীন ষড়যন্ত্রে লিপ্ত হয়েছিল। ফলে নীরব দর্শকের ভূমিকা পালন করা ছাড়া বাংলাদেশ সরকার বা মুক্তিযোদ্ধাদের করার কিছুই ছিল না।

ভারতকে বন্ধু রাষ্ট্র বলা হলেও ভারত আমাদের এই ছোট্র বাংলাদেশে চালাচ্ছে হিন্দুত্বাবাদী আগ্রাসন এবং একচেটিয়া মাস্তানি। তারা মূলত একটি সাম্রাজ্যবাদী রাষ্ট্র।কর্তৃত্ব ও দখলদারিত্ব তাদের মননে ভরপুর। যেমন:বাংলাদেশের সীমান্ত হত্যা,করিডোর সুবিধা নেওয়া,পানি আগ্রাসন এবং সাংস্কৃতিক আগ্রাসন ইত্যাদি।

এছাড়াও তাদের যেই হিন্দুত্ববাদী সংগঠন গুলো তারা প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে বাংলাদেশে হিন্দুত্ববাদী সংগঠন তৈরী করা,হিন্দু-মুসলিম দাঙ্গা তৈরী করা,এবং এই বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রপাগাণ্ডা ছড়ানোতে।

স্বাধীনতার পর থেকেই আমাদের প্রাণপ্রিয় এ দেশটিকে সম্পূর্ণরূপে পরনির্ভরশীল করার জন্য গভীর ষড়যন্ত্রে লিপ্ত ব্রাহ্মণ্যবাদী ভারত। কিন্তু দুর্ভাগ্য হলেও সত্য যে, আমাদের দেশের সম্মানিত শাসকবর্গ বারবার এই ঘৃণ্য ষড়যন্ত্রকারীদের সাথেই হাত মিলিয়ে বেশ উদারতার পরিচয় দিয়ে যাচ্ছে। অথচ আল্লাহ তা'আলা কঠোরভাবে নিষেধ করেছেন কাফির মুশরিকদের সাথে বন্ধুত্ব করতে। তিনি বলেন,

لَا يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِنْ دُونِ الْمُؤْمِنِينَ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ فَلَيْسَ مِنَ اللَّهِ فِي شَيْءٍ

‘মুমিনগণ যেন মুমিনদের ব্যতীত কাফেরদেরকে বন্ধুরূপে গ্রহণ না করে। যে কেউ এরূপ করবে তার সাথে আল্লাহর কোন সম্পর্ক থাকবে না’ *(আলে ইমরান ৩/২৮)*।

৭- সীমান্ত হত্যা, বিএসএফ ও বাংলাদেশের সার্বভৌমত্ব

বিএসএফ এর সীমান্ত হত্যা-

ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী(বিএসএফ) এক বর্বর এবং জঙ্গি গোষ্ঠীর নাম,যারা প্রতিনিয়ত পাখির মতো গুলি করে হত্যা করে বাংলাদেশিদের, শুধু হত্যা করেই তারা ক্ষান্ত হয়না,এর সাথে যুক্ত আছে তাদের অপহরণ এবং মা-বোনদের ইজ্জত লুণ্ঠন। মাঝে মাঝে দেখা যায় যে তারা বাংলাদেশ সীমান্তে প্রবেশ করে বাংলাদেশ এর সম্পদ নিয়ে যায়।

'হিউম্যান রাইটস ওয়াচ'-এর পরিসংখ্যান অনুযায়ী একুশ শতকের প্রথম দশকে বিএসএফের গুলি ও নির্যাতনে প্রাণ হারিয়েছে সহস্রাধিক বাংলাদেশী। আইন ও সালিশ কেন্দ্রের (আসক) **২০১৫** সালের জানুয়ারি থেকে **২০২৫** সালের মার্চ পর্যন্ত পরিসংখ্যান পর্যালোচনা করে দেখা যায়, এ সময়ে দেশের বিভিন্ন সীমান্তে বিএসএফ-এর হাতে নিহত হয়েছেন **৩১৩** বাংলাদেশি। আহত হয়েছেন অন্তত ৩৩০ জন।এছাড়াও মানবাধিকার সংস্থা অধিকার দেওয়া তথ্যমতে বিএসএফ ২০০০-২০২০ সাল অবধি

বিএসএফ হত্যা করে -**১২৩৬** জনকে,আহত করে **১১৪৫** জনকে ,অপহরণ করে **১৪০৮** জনকে,ধর্ষন করে **১৫** জনকে,গুম করে **১১১** জনকে।

২০১১ সালের কুড়িগ্রাম এর কিশোরি ফেলানিকে মেরে তারা কাঁটাতারে ঝুলিয়ে রেখেছে ঘন্টার পর ঘন্টা।২০১৮ সালে দিল্লিতে অনুষ্ঠিত সীমান্ত সম্মেলনে প্রাণঘাতী অস্ত্র ব্যবহার না করার প্রতিশ্রুতি দেয় ভারত,সে প্রতিশ্রুতি তারা রাখেনি।বাংলাদেশ-ভারত সীমান্ত হত্যা যেন থামছেই নাহ,অথচ বিচার হয়নি একটির ও।

সমুদ্রসীমায় আধিপত্য:

আমাদের সমুদ্র সীমা অমিমাংসিত বলে তারা আমাদের সীমানার ভিতরে ঢুকে তাদের সীমা বলে দাবি করছে। (এটি মিয়ানমার ও করছে) যদি তাদের ইচ্ছা পুরন হয় তাহলে তিন বিঘা করিডোরের মত বাংলাদেশেরও কয়েক বিঘা করিডোর লাগবে বহিঃসমুদ্রে যাবার জন্য। একেই বলে দাদাগিরি।

আমাদের ইলিশ না হলে তাদের পূজা-পার্বন হয় না। তাই তারা সমুদ্র থেকেই আমাদের ইলিশ নিয়ে নিচ্ছে। তারা অবাধে আমাদের সীমান্তে প্রবেশ করে মাছ ধরছে। আবার আমাদের জেলেদের কাছ থেকে চোরাই পথে সমুদ্র থেকেই কিনে নিচ্ছে। তাছাড়া স্থল পথে চোরাই কারবার আছেই। কিন্তু এর বিপরীতে তারা আমাদের দিচ্ছে ইয়াবা, ফেনসিডিল। তাদের দেশের সীমান্ত ঘেষে গড়ে উঠেছে হাজার হাজার ফেনসিডিল কারখানা শুধু বাংলাদেশে পাচার

করার জন্য। এগুলো নিয়ে বিএসএফ এর কোন মাথা ব্যথা নেই। মাথা ব্যথা গরু চুরি নিয়ে। তাই আমাদের মেরে ফেলতেও তাদের কোন বাঁধে না।

সমুদ্র সন্ত্রাসে যুক্ত হয়েছে তাদের জেলেদের অত্যাচার। আগে লুকিয়ে লুকিয়ে মাছ ধরতে আসতো। এখন আধুনিক ট্রলারে আধুনিক যন্ত্রপাতি নিয়ে তারা প্রায় জোর করে বাংলাদেশের সমুদ্র সীমায় এসে মাছ ধরে নিয়ে যাচ্ছে। এই ট্রলারগুলোতে যোগাযোগের আধুনিক যন্ত্রপাতি থাকায় তারা একে অপরের সাথে সহজেই অতি দ্রুত যোগাযোগ করতে পারে। ফলে এক মিনিটেই তাদের সব জড় হয়ে যায়। যদি বাংলাদেশের জেলেরা তাদের কাজে প্রতিবাদ করে তাহলে আমাদের গরীব নিজেদেরকেই দুর্ভাগ্য বরন করে নিতে হয়। তারা দ্রুত যোগাযোগ করে একত্রিত হয়ে বাংলাদেশের জেলেদেরই ধাওয়া করে। অনেক সময় জাল আর নৌকাও ছিনিয়ে নিয়ে যায়। এর উপর রয়েছে তাদের আধুনিক মাছ ধরার জাল। এই জালগুলো মাইলের পর মাইল বিস্তৃত থাকে। বাংলাদেশের সীমান্তে তারা ১০০-১৫০ ট্রলার নিয়ে প্রবেশ করে। এই ভাবে মাইলের পর মাইল জাল বিছিয়ে টেনে মাছ ধরলে বাংলাদেশে সমুদ্রে কয়েকদিন পর মাছ বলে কিছু থাকবে না।

কাটাতারের বেড়া : ভারত একতরফাভাবে সীমান্তে কাটাতারের বেড়া নির্মাণ করে যাচ্ছে। এটি করতে তারা বিভিন্ন প্রোপাগান্ডা চালাচ্ছে। বাংলাদেশী অনুপ্রবেশকারীদের ঠেকানোর কথা তারা বেশী বলছে। অথচ তাদের দেশের মানুষও দেদারসে বাংলাদেশে প্রবেশ করছে। অনেক ক্ষেত্রে কাটাতারের বেড়া নোম্যান্সল্যান্ডের মধ্যে করা হচ্ছে। আবার বাংলাদেশ সীমান্তের ১০, ১৫, ৩০ ফুট ভিতরে ঢুকেও বেড়া নির্মাণ করা হচ্ছে বলে অভিযোগ রয়েছে।

অবৈধভাবে বাংলাদেশে পুশইন:

ভারতের অবৈধ "পুশ-ইন" (Push-in) নীতি বাংলাদেশ-ভারত সীমান্তে একটি গুরুতর মানবাধিকার ও কূটনৈতিক সমস্যা হিসেবে বিবেচিত। এই প্রক্রিয়ায় ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (BSF) যাদেরকে তারা অবৈধ অনুপ্রবেশকারী হিসেবে চিহ্নিত করে, জোরপূর্বক বাংলাদেশে ফেরত পাঠায়, অনেক সময় কোনো পূর্ব সতর্কতা বা আনুষ্ঠানিক প্রক্রিয়া ছাড়াই। *প্রথম আলোয়* প্রকাশিত সংবাদ অনুসারে, ৪ থেকে ৭ মে বাংলাদেশের পাঁচটি জেলা দিয়ে ভারত থেকে ১৬৭ জনকে বাংলাদেশে ঠেলে দেওয়া হয়েছে। এর মধ্যে ৭৩ জনকে খাগড়াছড়ি, ৪৬ জনকে কুড়িগ্রাম, ২৩ জনকে সিলেট, ১৫ জনকে মৌলভীবাজার, ১০ জনকে চুয়াডাঙ্গায় পুশ ইন করা হয়।

এক দেশের কোনো নাগরিক আরেক দেশে অবৈধ অনুপ্রবেশ করলে তাঁকে দ্বিপক্ষীয় চুক্তি ও আন্তর্জাতিক আইনকানুন অনুসরণ করে ফেরত পাঠাতে হয়। কিন্তু ভারত যেভাবে কোনো ধরনের প্রক্রিয়া অনুসরণ না করে এই মানুষগুলোকে বাংলাদেশে পুশ ইন করল, তা সম্পূর্ণ বেআইনি, মানবাধিকার ও আন্তর্জাতিক রীতিনীতির পরিপন্থী

এই পুশইন এর সাথে ভারতের হিন্দুত্ববাদের বড় সম্পর্ক রয়েছে,২০১৯ সালে আসামে যে এনআরসির তালিকা তৈরি হয়েছে, তার কোনোটাই সারা ভারতের জন্য প্রাসঙ্গিক নয়। কিন্তু

বিজেপির নরেন্দ্র মোদি-অমিত শাহর কিংবা সুস্পষ্টভাবে বললে 'সংঘ পরিবারের' অ্যাজেন্ডা হচ্ছে এনআরসির নামে ভারতকে এক হিন্দু রাষ্ট্রে পরিণত করা, যেখানে মুসলিম জনগোষ্ঠী দ্বিতীয় বা তৃতীয় শ্রেণির নাগরিকে পরিণত হবে। পাঁচ বছর ধরে বিজেপির বিভিন্ন কার্যকলাপেই তা সুস্পষ্ট। এখন একদিকে বিজেপি আসামের এনআরসি বাতিলের দাবি করছে, অন্যদিকে ভারতের সব রাজ্যে এনআরসি করার হুজুগ তুলেছে। কারণ, বিজেপির আশা ছিল এবং এভাবেই প্রচার চালিয়েছিল যে আসামের এনআরসি যাদের নাগরিক নয় বলে শনাক্ত করবে তাদের অধিকাংশ হবে মুসলিম—তাদের সহজেই বাংলাদেশ থেকে অনুপ্রবেশকারী বলে চিহ্নিত করা যাবে।

৮-অর্থনৈতিক আগ্রাসন ও বাণিজ্য বৈষম্য

ভারতীয় এই হিন্দুত্ববাদী আগ্রাসন বানিজ্যিক এবং অর্থনৈতিক ক্ষেত্রেও ছড়িয়ে পড়েছে,ইতিমধ্যে ট্রানজিটের নামে ভারত করিডোর সুবিধা নিয়েছে।বাংলাদেশ সরকার ভারতকে স্থলপথ এবং রেলপথ ব্যবহারের অনুমতি দিয়েছে,পাশাপাশি মংলা ও চট্টগ্রাম সমুদ্রবন্দর ব্যবহারের অনুমতিও পেয়েছে ভারত।কিন্ত ২০২৫ সালে সরকার পরিবর্তন এর হুট করে ভারত বাংলাদেশের জন্য ট্রানজিট সুবিধা প্রত্যাহার করে, যার ফলে বাংলাদেশের রপ্তানি লজিস্টিক্সে নেতিবাচক প্রভাব পড়ে।এছাড়াও ভারত বাংলাদেশ থেকে স্থলবন্দর দিয়ে আমদানির উপর ৪২% সীমাবদ্ধতা আরোপ করেছে, যার ফলে $৭৭০ মিলিয়ন মূল্যের পণ্য প্রভাবিত হয়েছে।

তাছাড়া বিগত দুই দশকে দুই দেশের শাসকদলের সম্পর্কের গভীরতা ব্যাপকভাবে বিস্তৃত ও শক্তিশালী হয়েছে। যার মূল দর্শন ছিল ভারতের আর্থিক ও বাণিজ্যিক লাভবান হওয়ার বিনিময়ে বাংলাদেশের একনায়কতান্ত্রিক ক্ষমতাকে টিকে রাখা। আর এ কারণেই বাংলাদেশ-ভারত অর্থ ও বাণিজ্য সম্পর্কে এখন গুরুতর টানাপোড়েন সৃষ্টি হয়েছে। যার প্রমাণ পাওয়া যায় বিভিন্ন সংস্থার সাম্প্রতিক সব হিসাব-নিকাশে।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী ভারত থেকে বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ পণ্য আমদানি হয়, যা মোট আমদানির ১৮ শতাংশ। ভারত থেকে যত অর্থমূল্যের পণ্য আমদানি করে বাংলাদেশ রপ্তানি করে তার ৭ ভাগের মাত্র ১ অংশ। বাংলাদেশ ব্যাংকের আমদানি বিল পরিশোধের পরিসংখ্যানে চোখ রাখলে দেখা যায়, ২০১১-১২ অর্থবছরে ভারত থেকে ৪৭৪ কোটি (৪.৭৪ বিলিয়ন) ডলারের বিভিন্ন ধরনের পণ্য আমদানি করেছিল বাংলাদেশ।এর পরের ১০ বছরে আমদানি গুণিতক হারে বেড়েই চলেছে। ২০২১-২২ অর্থবছরে এসে ভারত থেকে আমদানির পরিমাণ দাঁড়ায় ১ হাজার ৩৬৯ কোটি (১৩.৬৯ বিলিয়ন) ডলারে। তবে ডলার সংকটের কারণে ২০২২-২৩ অর্থবছরে আমদানি ব্যয়ের লাগাম টেনে ধরায় বাংলাদেশের

সার্বিক আমদানি ১৬ শতাংশের মতো কমেছিল।২০২১-২২ অর্থবছরে ১৯৯ কোটি ডলারের পণ্য ভারতে রপ্তানি করে বাংলাদেশ।অতীতের সব রেকর্ড ভেঙে গত ২০২২-২৩ অর্থবছরে ভারতে ২১৩ কোটি (২.১৩ বিলিয়ন) ডলারের পণ্য রপ্তানি হয়, যা ছিল আগের অর্থবছরের চেয়ে ৭ শতাংশ বেশি।

ভারত ২০২৩ অর্থবছরে কমপক্ষে ৩০ বিলিয়ন ডলার রেমিটেন্স আয় করেছে বাংলাদেশ থেকে। মূলত পোশাক শিল্পের মার্চেন্ডাইজিং, ফ্যাশন ডিজাইনিং ও ক্রেতা হ্যান্ডলিং খাত থেকে বেশি রেমিটেন্স নেয় ভারতীয়রা, যার ৮০ শতাংশই কোনো ধরনের কর-ট্যাক্স দেয় না।

এক সময় বাংলাদেশের তৈরী পোশাক শিল্পের অহঙ্কার ছিল এসকিউ, ক্রিস্টাল, মাস্টার্ড, হলিউড, শান্তা, রোজ, ফরচুনা, ট্রাস্ট, শাহরিয়ার, স্টারলি ও ইউনিয়ন অ্যাজাক্স সহ উন্নত মানের কারখানা। কিন্তু অবিশ্বাস্য হলেও সত্য তারা আজ বাংলাদেশের কারখানা নেই। নানা ছলে বলে কৌশলে এগুলো কিনে নিয়েছে ভারতের কেম্পানিগুলো। এতে সহযোগীতা করেছে এদেশে কাজ করতে আসা ভারতীয় কর্মকর্তারা। তারা কৌশলে শ্রমিক অসন্তোষ লাগিয়ে এই কারখানাগুলো লোকসানে নিয়ে গিয়েছে। তারপর উদ্ধারের নামে কিনে নিয়েছে।

এছাড়াও দেশী-বিদেশী বিভিন্ন বেসরকারি সংস্থার হিসাবে বৈধ-অবৈধ মিলিয়ে বাংলাদেশে ৫ লাখ ভারতীয় নাগরিক অবস্থান করছেন।

আবার কোনো সংস্থার মতে এই সংখ্যা ২৬ লাখ। কিন্তু বাংলাদেশ পুলিশের হিসাবে, ২০২৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত ভারতীয়দের সংখ্যা ১ লাখ ৭ হাজার ১৬৭ জন। এদের মধ্যে ব্যবসা ও বিনিয়োগ ভিসায় রয়েছেন ১০৪৮৫ জন, চাকরি ১৪৩৯৯ জন, স্টাডি ৬৮২৭ জন এবং ট্যুরিস্ট ভিসায় ৭৫ হাজার ৪৫৬ জন। ভারতীয়দের বাংলাদেশে বৈধভাবে চাকরি করার সুযোগ দেওয়া হলেও বাংলাদেশীদের সে দেশে চাকরির কোনো সুযোগ নেই।

https://thefinancialexpress.com.bd/views/views/bangladesh-india-trade-relations

৮- ভারতীয় নদীশাসন ও কৃত্রিম বন্যা:

একটি ভৌগোলিক আগ্রাসন

সর্ব প্রকারে মুসলমানদের ঐক্য ও অগ্রগতির বিরুদ্ধে কাজ করাই হিন্দুত্ববাদী ভারত এর লক্ষ্য। মাফিয়াতান্ত্রিক স্বৈরশাসন চালিয়ে রাষ্ট্র হিসেবে বাংলাদেশের সব প্রতিষ্ঠান ধ্বংস এবং অর্থনৈতিকভাবে দেউলিয়াত্বের মুখে ঠেলে দেয়ার মূল অনুঘটক যেমন ভারত, তেমনি বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে স্মরণকালের ভয়াবহ বন্যায় কোটি কোটি মানুষের অশেষ দুর্ভোগের পেছনেও ভারতের আধিপত্যবাদী ও আগ্রাসী পানি নীতি দায়ী।

ভারত আন্তর্জাতিক পানি হিস্যার নীতিমালা সম্পূর্ণ লঙ্ঘন করে বাংলাদেশে প্রবাহিত ৫৪ টি নদীর উজানে বাঁধ দিয়ে পানি প্রত্যাহার করে নিচ্ছে।অর্থাৎ ফিডার ক্যানেল দিয়ে সেদেশের অভ্যন্তরে অন্য নদীতে পানি সরিয়ে নিচ্ছে,ফলে বাংলাদেশ দুইভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।প্রথমত শুকনো মৌসুমে পানি পাচ্ছেনা, অন্যদিকে বন্যার মৌসুমে অন্যায়ভাবে বাধঁগুলো খুলে দিয়ে এদেশকে ডুবিয়ে দিচ্ছে। এতে নদীভাঙ্গন তো বাড়ছেই সাথে হাজার হাজার মানুষ গৃহহীন হচ্ছে এবং ফসল নষ্ট হচ্ছে।

ফারাক্কা বাঁধ নির্মানের সময় আন্তর্জাতিক একটি গণমাধ্যমে এই সংশয় প্রকাশিত হয়েছিল যে, ভারত বাঁধ নির্মান করছে বটে, পাকিস্তান এটি বাস্তবায়ন করতে দিবে কি না। দ্বিখ-িত পাকিস্তান ও স্বাধীন বাংলাদেশ সে সুযোগ এনে দিয়েছিল। ৪০ দিনের জন্য পরীক্ষামূলকভাবে চালুর কথা বলে ফারাক্কা প্রজেক্ট চালু করে আর কখনোই বন্ধ করেনি।

একতরফাভাবে ফারাক্কা ব্যারাজ চালুর ৭ বছরের মাথায় গজলডোবা (তিস্তা) ব্যারাজ দিয়ে ফিডার ক্যানেলের মাধ্যমে তিস্তার পানি প্রত্যাহার শুরু করে। ডাইভারশন ক্যানেলের মাধ্যমে মহানন্দা নদীতে পানি সরিয়ে নেয়ার কারণে তিস্তা এখন একটি মৃতপ্রায় নদীতে পরিণত হয়েছে। গজলডোবা বাঁধের আগে তিস্তা অববাহিকায় যেখানে ২৫০০ কিউসেক পানি পাওয়া যেত, সেখানে ভারতের পানি প্রত্যাহারের কারণে এখন পানি প্রবাহের পরিমাণ ৪০০ কিউসেকেরও কম। দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের কৃষিব্যবস্থার উন্নয়নে তিস্তা ব্যারাজ নির্মাণের পরিকল্পনা ব্রিটিশ আমল থেকে বিবেচনাধীন থাকলেও অবশেষে ১৯৭৯ সালে তিস্তা ব্যারাজ ও সেচ প্রকল্প বাস্তবায়ন শুরু হয়ে ১৯৯০ সালে বাংলাদেশ তা শেষ করে। আনুষ্ঠানিক উদ্বোধন হলেও গজলডোবা ব্যারাজ এবং ভারতের পানি প্রত্যাহারের কারণে দেশের অন্যতম বৃহৎ এই সেচ প্রকল্প এখন আংশিকভাবে অকেজো হয়ে আছে।

দুই দেশের অভিন্ন নদীর পানি বন্টনও সমস্যা সমাধান কল্পে ১৯৭২ সালে জেআরসি বা যৌথ নদী কমিশন গঠিত হলেও এটি মূলত ভারতের স্বেচ্ছাধীন একটি কমিশন হিসেবে কাজ করছে। ২০০৯ সাল পর্যন্ত ৩৭ বছরে যৌথ নদী কমিশনের ৩৭টি বৈঠক অনুষ্ঠিত হলেও ২০১০ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত একযুগে একটি জেআরসি বৈঠকও অনুষ্ঠিত হয়নি। বাংলাদেশের আহ্বানে তারা সাড়া দেয়ার প্রয়োজন বোধ করেনি।

একযুগ নিরবতার পর ২০২২ সালে শেখ হাসিনার ভারত সফরের আগে যৌথ নদী কমিশনের ৩৮তম সভা অনুষ্ঠিত হয় মূলত বাংলাদেশের ফেনি নদী থেকে ত্রিপুরার সাবরুম শহরের জন্য পানি নেয়ার চুক্তিতে সই করাতে। দশকের পর দশক ধরে তিস্তার পানি চুক্তির মূলা ঝুলিয়ে অভিন্ন ৫৪টি নদীতে বেআইনীভাবে বাঁধ দিয়ে বাংলাদেশকে শুষ্ক মওসুমে পানি বঞ্চিত করলেও নিজেদের প্রয়োজনীয়তা কিংবা দরকষাকষির না করেই বাংলাদেশের আভ্যন্তরীন ফেনী নদী থেকে পানি দিতে শেখ হাসিনা বশংবদ ভূমিকা পালন করেছেন। এমন অসম পানি ও বন্দর চুক্তির সমালোচনা করে ফেইসবুকে একটি পোস্ট দেয়ার কারণে ২০১৯ সালে বুয়েটের মেধাবি শিক্ষার্থী আবরার ফাহাদ ছাত্রলীগ সন্ত্রাসীদের হাতে নির্মমভাবে নিহত হয়েছিলেন।

ভারতের এই পানি আগ্রাসন এর কারণে প্রতিবছরই বন্যায় বাংলাদেশ এর মানুষ ক্ষতিগ্রস্ত হয়,সাম্প্রতিক সময়ে আমরা দেখতে পাই যে ১৭ সেপ্টেম্বর ২০২৪ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপদেষ্টা ফারুক-ই-আজম বাংলাদেশ সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে জানান যে, দেশে সাম্প্রতিক বন্যায় ১১ জেলায় মোট ১৪ হাজার ২৬৯ কোটি ৬৮ লাখ ৩৩ হাজার ৫২২ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। উপদেষ্টা আরও জানান, বন্যায় ক্ষতিগ্রস্ত লোকের সংখ্যা ৯ লাখ ৪২ হাজার ৮১১ জন। মৃত্যের সংখ্যা ৭৪ জন। আহত হয়েছেন ৬৮ জন। মৃতদের অনেকেই সর্পদংশনে মারা গিয়েছে।

তো এটা বলাবাহুল্য যে ভারতের এই আগ্রাসন এবং কৃত্রিম বন্যা বাংলাদেশ এর জন্য বিরাট ক্ষতি বয়ে আনছে বছরের পর বছর।

৯- ভারতীয় গোয়েন্দা সংস্থা ”র” এবং বাংলাদেশের অভ্যন্তরীণ রাজনীতিতে হস্তক্ষেপ

১৯৬২ সালে ভারত-চীন এবং ১৯৬৫ সালে ভারত-পাকিস্তান যুদ্ধে ইন্টেলিজেন্স ব্যুরোর ব্যর্থতার পরিচয় দেয়। সেই গোয়েন্দা তথ্যের ঘাটতি থেকে একটি নতুন গোয়েন্দা সংস্থা প্রতিষ্ঠা করার সিদ্ধান্ত নিয়েছিল ভারত। ১৯৬৮ সালের ২১ সেপ্টেম্বর প্রতিষ্ঠিত হয় ‘র’। রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং (র) নামে তৈরি এই সংস্থার ওপর দায়িত্ব পড়ে বিদেশি সরকার, প্রতিষ্ঠান ও ব্যক্তিবর্গের তথ্য সংগ্রহ করার।

বাংলাদেশে “র” এর আগ্রাসন শুধু বর্তমান সময়ে নাহ,বাংলাদেশ রাষ্ট্র জন্মের আগ থেকেই তাদের আগ্রাসন চলছে।এবং আমাদের অভ্যন্তরীন রাজনীতে তারা আগ্রাসন চালাচ্ছে।

১৯৭১ সালে মুক্তিযুদ্ধেও ছিলো “র” এর তৎপরতা, তারা চেয়েছিলো বাংলাদেশকে পাকিস্তান থেকে আলাদা করে ভারতের সাম্রাজ্য কায়েম করা অথবা বাংলাদেশকে অস্থিতিশীল করা।

এবং তাদের আরেকটা মূল লক্ষ্য ছিলো যেভাবেই হোক পাকিস্তানকে আলাদা করা,কারণ ২ পাশে ২ টি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ রেখে তাদের সার্বভৌমত্বে হুমকির মুখে রাখা তারা চায়নি।

গোয়েন্দা বিশেষজ্ঞদের মতে বাংলাদেশে এদেশে 'র' এর লক্ষ্য, উদ্দেশ্য ব্যাপক। তবে মূল উদ্দেশ্য হলো- ভারতের বাংলাভাষী রাজ্য পশ্চিম বাংলা ও বিচ্ছিন্নতাবাদ আক্রান্ত 'সেভেন সিস্টার' খ্যাত পার্বত্য রাজ্যগুলোর মাঝে অবস্থিত বাংলাদেশকে ভারতের প্রভাব বলয়ে রাখা, যাতে সেখানে ভারত বৈরী কোন শক্তির সাথে এমন কোন সম্পর্ক গড়ে না উঠে, যা এ অঞ্চলে ভারতের আধিপত্য বিস্তারের পথে বাঁধা হয়ে দাঁড়াতে পারে। ভারত সবসময় 'বন্ধুভাবাপন্ন' বাংলাদেশের বললেও আসলে তাদের 'বন্ধুভাবাপন্ন' কথাটি হচ্ছে বাংলাদেশ এমন পররাষ্ট্রনীতি, সমরনীতি গ্রহণ করুক, যা ভারতের নীতি আদর্শের সমান্তরাল। এমনটি হলে বাংলাদেশ হবে দক্ষিণ এশিয়ায় ক্ষমতার ভারসাম্য ভারতের অনুকূলে রাখার পরিপূরক। ভারত যে বাংলাদেশের গৃহীত আদর্শকে তাদের পক্ষে দেখলেই কেবলমাত্র সন্তুষ্টি প্রকাশ করে তার দৃষ্টান্ত **১৯৭১** সালেল শেষ দিকে পাক-ভারত যুদ্ধ শুরুর মুহূর্তে ভারতীয় পার্লামেন্টে ইন্দিরা গান্ধীর বক্তব্য। তিনি বলেছিলেন, 'আপনারা জেনে খুশি হবেন, বাংলাদেশ সরকার ধর্মনিরপেক্ষমতা, জাতীয়তাবাদ, গণতন্ত্র ও সমাজতন্ত্র-কে তাদের সংবিধানের মূলনীতি হিসেবে গ্রহণ করেছে'। এ চার নীতি ছিল ভারতীয় সংবিধানে অনুসৃত নীতির অনুরূপ। ভারত শুরু থেকে চেয়েছে যে, বাংলাদেশ তাদের পক্ষে থাকুক। বাংলাদেশের পররাষ্ট্রনীতি হোক ভারতের পররাষ্ট্রনীতির অনুকূল। এজন্য তাদের প্রয়োজন একটি 'বন্ধুপ্রতিম' বাংলাদেশ সরকার এবং অনুরূপ একটি সরকার গঠন বা ভারতের প্রতি নমনীয় মনোভাব গ্রহণে চাপ প্রয়োগের দায়িত্ব হচ্ছে 'র'-এর।

এছাড়াও "র" এর আওতাধীন একটি বাহিনী ছিলো "মুজিব বাহিনী" যারা মুক্তিযুদ্ধের সময় যুদ্ধে অংশগ্রহণ না করলেও তারা বাংলাদেশ এর মুক্তিযোদ্ধাদের হত্যা করতে চাইতো।

বাংলাদেশ স্বাধীনতা পরবর্তী সময় থেকে বর্তমান অবধি "র" আধিপত্য বিস্তার করছে,

আবু রুশদ বাংলাদেশে ভারতের গোয়েন্দা প্রতিষ্ঠান 'র' কর্মপরিধি ও অনুপ্রবেশের মাত্রা বাংলাদেশের বিভিন্ন গোয়েন্দা সংস্থার সাবেক প্রধানদের সাক্ষাৎকার গ্রহণ করেছেন। এসব সাক্ষাৎকারেও উঠে এসেছে যে, ভারতের অপতৎপরতার সামনে বাংলাদেশ কতটা অসহায়। জাতীয় নিরাপত্তা সংস্থা বা এনএসআই-এর সাবেক এক মহাপরিচালক ব্রি: জে: (অব.) আমিনুল হক, বীর উত্তম এর মতে, বাংলাদেশে এমন কোন ক্ষেত্র নেই যেখানে 'র' হাত বাড়ায়নি। রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক, বাণিজ্যিক, সাংস্কৃতিক সেক্টর ছাড়াও সামরিক এমনকি ধর্মীয় পর্যায়েও 'র' থাবা বিস্তার করেছে।

বেশ কয়েকবছর আগে ভারতের গোয়েন্দা সংস্থা র' নিয়ে আমাদের দেশে একটি বই বেরিয়েছিলো। বইটির মাধ্যমে না জানা অনেক চাঞ্চল্যকর তথ্য সেসময় জানা

গিয়েছিল।বইটির নাম ‘বাংলাদেশে র’। এর লেখকের নাম সাবেক সেনাসদস্য ও সাবেক ডিজিএফআই-এর মহাপরিচালক লে. (অব) আবু রুশদ।এই বইটিতে লেখক এমন অনেক তথ্য তুলে ধরেছেন, যার মাধ্যমে নতুন করে জাতি চিন্তার খোরাক (পঙ্গু দুশ্চিন্তার খোরাক) পায়। ওনার দেয়া সেই চাঞ্চল্যকর তথ্যগুলো আজ আবার জাতির মাঝে আলোচিত হয়ে ঘুরে-ফিরে আসছে। তাই সেই চাঞ্চল্যকর বইটির কিছু তথ্য লেখকের ভাষায় হুবহু আপনাদের সামনে উপস্থাপন করা হলো।তিনি লিখেছেন:যেহেতু আমি বাংলাদেশের অন্যতম প্রধান গোয়েন্দা সংগঠন ‘ডিজিএফআই’ তথা প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছি, সেহেতু এ দেশের বুকে র’-এর অপতৎপরতা সম্পর্কে আমার অল্প-বিস্তর ধারণা রয়েছে। অভিজ্ঞতার আলোকে বলা যায়, মুক্তিযুদ্ধের মধ্যদিয়ে স্বাধীন এ দেশে আমাদের কষ্টার্জিত স্বাধীনতাকে টিকিয়ে রাখতে হলে বৈরী গুপ্তচর সংস্থার কার্যক্রম সম্পর্কে এ দেশের প্রতিটি দেশপ্রেমিক নাগরিককে অবশ্যই অবহিত ও সচেতন থাকতে হবে। সবচেয়ে বড় কথা, মুক্তিযুদ্ধে আমাদের সহায়তা করেছে বলে তাদের পরবর্তী সকল কার্যক্রমকে বাংলাদেশের স্বার্থের অনুকূল বলে মনে করার কোনো যৌক্তিকতা থাকতে পারে না। বরং একটি আত্মমর্যাদা বোধসম্পন্ন জাতি হিসেবে আমাদের নিরাপত্তার জন্য আমাদেরকেই ভাবতে হবে। আর তাই স্থায়ীভাবে কাউকে আমাদের শত্রু বা মিত্র বলে জ্ঞান করার কোনো অবকাশ আছে বলে আমি মনে করি না। আজ যে আমাদের পরম মিত্র, পরিবর্তিত অবস্থার পরিপ্রেক্ষিতে কাল সে ঘোরতর শত্রু বলে পরিগণিত হতে পারে। আধুনিক বিশ্বে এ ধরনের নজির বিরল নয়।তিনি তার বইটিতে বাংলাদেশে র’এর অপকীর্তি সম্বন্ধে যেসব কথা উল্লেখ করেছেন, যা আমাদের দেশের মানুষকে ব্যপকভাবে দুশ্চিন্তাগ্রস্ত করে। তিনি র-এর সেসব অপকীর্তি তালিকা আকারে সে বইতে উল্লেখ করেছেন:

১) পার্বত্য চট্টগ্রামে (সন্ত্রাসী) শান্তিবাহিনী গঠন করে যাবতীয় উপায়ে ভারতীয় সেনারা প্রশিক্ষণ ও সমরাস্ত্র সরবরাহ করেছে। বাংলাদেশের সেনাবাহিনীর বিরুদ্ধে সন্ত্রাসী শান্তিবাহিনী ২৫ বছর যুদ্ধ করেছে। বহু অন্যায় দাবিতে তারা বিদ্রোহ করেছে এবং বাঙালিদের হত্যা করেছে। আওয়ামী লীগ ১৯৯৬ সালে ক্ষমতাসীন হয়ে তাদের সকল দাবি মেনে নিয়ে বাঙালিদের নিজ দেশে পরবাসী বানিয়ে দিয়েছে।

২) প্রেসিডেন্ট জিয়াউর রহমান হত্যা: লেখক অনেক তথ্য-প্রমাণ দিয়ে উল্লেখ করেছেন, ভারত বাংলাদেশী জাতীয়তাবাদী শক্তিকে হটিয়ে একটি বন্ধুভাবাপন্ন শক্তিকে ক্ষমতায় আনার পরিকল্পনা গ্রহণ করেছে। জিয়া হত্যার মাত্র ১২ দিন পূর্বে শেখ হাসিনা ভারত থেকে বাংলাদেশে ফিরে আসে। জিয়া হত্যার খবর পেয়ে শেখ হাসিনা ব্রাক্ষণবাড়িয়া সীমান্ত দিয়ে পাড়ি জমানোর চেষ্টা করেন। কিন্তু সীমান্তরক্ষী বাহিনীরা বাধ সাধায় তিনি সে যাত্রায় পার হতে পারেননি।

৩) স্বাধীন বঙ্গভূমি আন্দোলন: ১৯৮২ সালের ২৪ মার্চ জেনারেল এরশাদ ক্ষমতা গ্রহণ করেন। পরের দিনই 'স্বাধীন বঙ্গভূমি' নামে পৃথক হিন্দু রাষ্ট্র ঘোষণা করা হয়েছিলো। এক সময়কার আওয়ামীলীগ নেতা ডঃ কালীদাস বৈদ্য 'বঙ্গসেনা' নামে একটি সশস্ত্র সন্ত্রাসী বাহিনীও গড়ে তুলেছিলো। খুলনা, যশোর, ফরিদপুর, কুয়িা, বরিশাল ও পটুয়াখালী জেলা নিয়ে এই হিন্দুর্রা গঠনের চক্রান্ত চালানো হয়েছিলো। এটার পেছনেও র' এর হাত ছিল।

৪) বাংলাদেশ সরকারের ভেতরে-বাহিরে ৩০ হাজার র'-এর এজেন্ট তৎপর শিরোনামে তিনি লিখেছেন, মন্ত্রী, এমপি, আমলা, রাজনীতিবিদ, শিল্পপতি, ব্যবসায়ী, বুদ্ধিজীবি, লেখক, কবি, সাংবাদিক, সাহিত্যিক, শিল্পী, প্রকাশক, অফিসার, কর্মচারী পর্যায়ের লোকজনই শুধু নয়; ছাত্র, শ্রমিক, কেরানী, পিওন, রিক্সাওয়ালা, ঠেলাওয়ালা, কুলি, টেক্সিড্রাইভার, ট্রাভেল এজেন্ট, ইন্ডেটিং ব্যবসায়ী, সিএন্ডএফ এজেন্ট, নাবিক, বৈমানিক, আইনজীবিসহ বিভিন্ন স্তরে তাদের এজেন্ট সক্রিয় রয়েছে।

৫) ঘাতক-দালাল নির্মূল কমিটি: এ কমিটির পেছনেও র'-এর হাত রয়েছে বলে লেখক তার বইতে উল্লেখ করেছেন।

এছাড়াও যদি আরো সংযুক্ত করতে চাই,তাহলে। বলবো বাংলাদেশ সামরিক বাহিনীকে দূর্বল করে ভারতের পা ছাটা বানাতে-

২০০৯ সালে বিডিআর বিদ্রোহ নামে সংঘটিত বিডিয়ার হত্যাকান্ড। ২০০৯ সালে বিডিআর হত্যাকান্ডে যুক্ত ছিলো "র" এর এজেন্ট, যাদের হাতে খুন হয় বাংলাদেশ এর ৫৭ জন বিডিআর কর্মকর্তা।

মো:মোস্তাফিজুর রহমান হলেন বাংলাদেশ সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট কর্ণেল।বাংলাদেশ সেনাবাহিনীর স্পেশাল ফোর্স প্যারা কমান্ডো বাহিনীর অধিনায়ক ছিলেন।তিনি ফেসবুকে পোস্ট দিয়ে জানান যে,বাংলাদেশ কমান্ডো বাহিনীর প্রশিক্ষণ এর সিলেবাস চুরি করেছে ভারত।এছাড়াও পুলিশ বাহিনী থেকে শুরু করে বিভিন্ন সামরিক বাহিনীতেও র এর এজেন্ট পাওয়া গিয়েছে, যারা বাংলাদেশ এর তথ্য পাচার করতো। ডিজিএফআইয়ের সাবেক মহাপরিচালক অবসরপ্রাপ্ত এম এ মতিন বলেছেন-ধানমন্ডিস্থ ভারতীয় দূতাবাসের অভ্যন্তরে কুটনৈতিক হিসেবে কর্মরত অনেক কর্মচারীরাও র এর সক্রিয় সদস্য (বাংলাদেশ র বই-২৫৪ পেইজ)

এছাড়াও "র" সবচেয়ে কার্যকর ছিলো বিগত আওয়ামিলীগ শাসন আমলে,কারণ তারা এমন একটি সরকার চাইতো বাংলাদেশে যাকে পাপেট এর মতো ব্যবহার করবে,আর এইজন্য

সবচেয়ে উপযোগী ছিলো শেখ হাসিনা,এবং তার মন্ত্রীদেরকে অর্থ এবং সম্পদের লোভে তারা মগ্ন রাখতো।অন্যদিকে বাংলাদেশ এর বিভিন্ন জায়গায় নিজেদের মিশন পরিচালনা করতো।৫ আগষ্ট শেখ হাসিনার পতনের বিষয়টি আরো পরিষ্কার হয়।

বাংলাদেশের মিডিয়া ও সাংস্কৃতিক জগতে হিন্দুত্ববাদী অনুপ্রবেশ:

সমাজবিজ্ঞানী ঊ. ই. ঞধুষড়ৎ বলেন, 'সংস্কৃতি একটি সমাজের আয়না, কিন্তু সেই আয়নায় যদি সমাজের চিত্র না ফুটে, সমাজের বিপরীত কিছু ফুটে ওঠে, তবে সমাজের অসংগতি দেখা দেবে।
কোনো জাতির স্বকীয়তা, জাতীয়তা, সামাজিক এবং ধর্মীয় মূল্যবোধ তার সংস্কৃতির ওপর নির্ভর করে। তেমনি সংস্কৃতিতে বিজাতীয় আগ্রাসন একটি জাতিকে ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছে দেয়। সাবেক মার্কিন পররাষ্ট্র সচিব জন ফস্টার ডালেস বলেছেন, 'কোনো জাতিকে ধ্বংস করতে হলে, আগে সে জাতির সংস্কৃতিকে ধ্বংস করে দাও।'

বাংলাদেশে ভারতের সাংস্কৃতিক আগ্রাসন প্রবল। বাংলাদেশে বিদেশী টিভি চ্যানেলের শতকরা ৯০ শতাংশই হলো ভারতীয়। বাংলাদেশে ভারতের এত বিশাল সংখ্যক টিভি চ্যানেল দেখানোর অনুমতি থাকলেও ভারতে বাংলাদেশের কোন টিভি চ্যানেল দেখানোর অনুমতি নেই। ব্লিৎসের এক জরিপে দেখা যায়, প্রতি মাসে ভারতীয় চ্যানেল স্টার প্লাস ১৯৫ হাজার ডলার, স্টার মুভিজ ১১৮ হাজার ডলার, সনি ১২৩ হাজার ডলার, স্টার গ্লোল্ড ৬১ হাজার ডলার, জি সিনেমা ৯৫ হাজার ডলার আয় করে। এ তালিকা আরো দীর্ঘ করা যাবে।

শুধু আর্থিকভাবে নয়; এসব চ্যানেলের অনুষ্ঠান ও বিষয়বস্তু সমাজ মননে গভীর প্রভাব ফেলছে। এছাড়াও এসব ভারতীয় সংস্কৃতি আমাদের পরিবারগুলোকে ধ্বংসের দারপ্রান্তে নিয়ে গিয়েছে।ভারতীয় এই সিরিয়াল এবং মুভি গুলো যেমন অশ্লীলতার ছড়াছড়ি এর পাশাপাশি এরা সমাজে দিচ্ছে নৈতিকতাহীন সম্পর্ক, অবৈধ প্রেম,পরকীয়া, মিথ্যা ছলচাতুরী এমনকি ধর্মীয় নিয়মনীতিকেও এখানে কুসংস্কার বলে ছড়ানো হয়।
এটি স্পষ্টত একটি পরিকল্পিত প্রচেষ্টা, যার মাধ্যমে মুসলিম সমাজকে তার বিশ্বাস থেকে ধীরে ধীরে সরিয়ে নিয়ে যাওয়া হয়।
আমাদের মুসলিম পরিবার গুলো এই সিরিয়াল বা মুভির বিষে জর্জরিত, পরিবারগুলো ভাঙ্গন দেখা দিচ্ছে,এবং পরিবারে অশান্তি এছাড়াও এই সিরিয়ালকে কেন্দ্র করে আত্মহত্যার প্রবণতাও বৃদ্ধি পাচ্ছে।বেসরকারি এক জরিপে বলা হয়েছে, 'ভারতীয় টিভি চ্যানেলগুলোয় প্রচারিত অপসংস্কৃতিতে ভরা নাটক-সিরিয়ালে উদ্বুদ্ধ হয়ে বাংলাদেশের ৮০ শতাংশ বিবাহ বিচ্ছেদ হচ্ছে'। ফেডারেশন অব টেলিভিশন প্রফেশনালস অর্গানাইজেশনের (এফটিপিও)

সভাপতি বলেন, 'ইদানীংকালে দেশে ৮০ শতাংশ বিবাহ বিচ্ছেদের প্রত্যক্ষ-পরোক্ষ কারণ হলো ভারতীয় সিরিয়াল।' ভারতীয় সিরিয়াল দেখাকে কেন্দ্র করে আত্মহত্যার ঘটনাও কম নয়।পরিসংখ্যান বলছে, 'ভারতীয় সিরিয়াল দেখাকে কেন্দ্র করে ২০১৭ থেকে ২০২০ সাল পর্যন্ত ৪৭ জন আত্মহত্যা করেছে।'
বাংলাদেশের যুবকদের মধ্যে মুভি এবং হিন্দি গান গুলো অশ্লীলতা ছড়াচ্ছে,
ছোট বাচ্চাদের কার্টুনের মাধ্যমে ভারতীয় সংস্কৃতি তাদের মননে প্রবেশ করানো।
তাছাড়াও বর্তমানে বিয়ে বা আমাদের যেকোনো অনুষ্ঠানে মুসলিম সংস্কৃতি বা বাংলাদেশী সংস্কৃতির বদলে জায়গা করে নিয়েছে ভারতীয় সংস্কৃতি।
শুধু অনুষ্ঠান নাহ,আমাদের পোশাক থেকে শুরু করে শিক্ষাউপকরণে তাদের এই সাংস্কৃতিক আগ্রাসন এর প্রভাব বিস্তার করছে।

ভারতীয় সংস্কৃতির চলমান আগ্রাসন নতুন প্রজন্মকে নিজস্ব সংস্কৃতি বলয় থেকে দূরে নিক্ষেপ করছে। সামাজিক যোগাযোগের জনপ্রিয় ওয়েবসাইট ফেসবুকে (Facebook) পাঁচ হাজারেরও বেশী তরুণ-তরুণীর প্রোফাইল দেখে জানা গেছে, যে দেশের জনগণ বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি লাভের জন্য রক্ত দিয়েছে, জীবন দিয়েছে, সে দেশের নতুন প্রজন্মের নিকট প্রিয় সিনেমার তালিকায় হিন্দি সিনেমার আধিপত্য। ভারতীয় রাজনৈতিক ও কলাম লেখক 'শশী থারু' তার এক বক্তৃতায় বলেছিলেন, 'বলিউড হল সফ্ট পাওয়ার।

ভারতীয় এই সিরিয়াল,মুভিগুলোতে ইসলাম এবং মুসলিমদের প্রতি ছড়ানো হচ্ছে প্রচন্ড ইসলামবিদ্বেষ,যেখানে খলনায়ক বা ভিলেন এর ভূমিকায় দেখানো হয় কোনো দাড়িওয়ালা মুসলিমকে,অথবা জঙ্গি হিসেবে উপস্থাপন করাহয় মুসলিমকে।এই সকল চরিত্রের মাধ্যমে, মুসলমানদেরকে কৌশলে উপহাস এবং মুসলমানদের প্রতি হিন্দুদের সহানুভূতিমুলক মনোভাব ফুটিয়ে তোলা হয়েছে।অন্যদিকে মুসলমান চরিত্রকে লোভী, শত্রুতাপূর্ণ, দুর্বল ইচ্ছা শক্তি এবং দুর্বল প্রত্যয়ের অধিকারী হিসেবে, সন্ত্রাসী বা মাফিয়া চক্রের নেতা, অস্ত্র- মাদক চোরাকারবারী, হিন্দু-মুসলিম দাঙ্গা সৃষ্টিকারী, খুনী, প্রতারক বা নির্মম অপরাধী হিসেবে উপস্থাপন করা হয়েছে। ভারতের ছায়াছবি নির্মাতাগণ মুসলমানদের বিরুদ্ধে ছায়াছবির মাধ্যমে অপপ্রচার চালায়
হিন্দুদের শত্রু হিসেবে মুসলিমদের উপস্থাপন হয় যা বিদ্বেষ ছড়ায়। এখন তো ওরা ওদের মুভির মাধ্যমে সরাসরি অখন্ড ভারত নিয়ে কথা বলে।

তাদের এই সাংস্কৃতিক আগ্রাসন এর কিছু লক্ষ্য রয়েছে তার মধ্যে অন্যতম হলো:

১-সাংস্কৃতিক কর্মীদের মাধ্যমে অখন্ড ভারত গ্রহন করার জন্য বাংলাদেশীদের মনোযোগত প্রস্তুত করা।

২-বাংলাদেশের তরুণ-যুবক সম্প্রদায়কে অশ্লীলতার মাদকে বুদ রেখে ভারতীয় আগ্রাসনের বিরুদ্ধে নিষ্ক্রিয় রাখা

৩-ইসলামি সংস্কৃতিকে জঙ্গি সংস্কৃতি এবং ভারতীয় হিন্দুয়ানি সংস্কৃতিকে বাংলাদেশ এর সংস্কৃতি হিসেবে প্রতিষ্ঠিত করতে চাচ্ছে।

৪-সাংস্কৃতিক কর্মীদের মাধ্যমে গুপ্তচরবৃত্তি করা

এছাড়াও বাংলাদেশে অবস্থিত ভারতের যে কালচারাল সেন্টার গুলো আছে তারা এখানে সাংস্কৃতিক কর্মকান্ডের আড়ালে গুপ্তচরবৃত্তি করে থাকে।

শিক্ষা ও পাঠ্যবইয়ে ভারতীয় হিন্দুত্ববাদী মতাদর্শের প্রভাব:

হিন্দুত্ববাদ এর থাবা পড়েছে বাংলাদেশ এর শিক্ষাঙ্গনেও,আমাদের কোমলমতি শিক্ষার্থীদের পাঠপুস্তকেও তারা তাদের আগ্রাসন এর আধিপত্য রেখেছে।ভারতের হিন্দুত্ববাদের উত্থান এর পর সেটির প্রভাব বাংলাদেশে এসে পড়েছে,তারই ফল জাতীয় পাঠপুস্তক হিন্দুত্ববাদকরণের প্রচেষ্টা। প্রথম বিতর্ক ওঠে ২০১৬ সালের জানুয়ারিতে সরকারের নতুন পাঠ্যবই বিতরণকালে। তখন শিক্ষার্থীদের দেয়া কয়েকটি নতুন বইয়ে ইসলামী মূল্যবোধ ও ভাবধারার কন্টেন্টগুলো বাদ দিয়ে পাঠ্যবইয়ের হিন্দুত্বকরণ ঘটানো হয়। ইসলামী মূল্যবোধসম্পন্ন মুসলিম লেখকদের রচনাসমূহ বাদ দিয়ে সাম্প্রদায়িক হিন্দু ও ইসলামবিদ্বেষী সেকুলার কবি-সাহিত্যিকদের রচনায় সয়লাব করে ফেলা হয়।

২০২৩ সালের জানুয়ারিতে নতুন পাঠ্যবই বিতরণের সময় ষষ্ঠ ও সপ্তম শ্রেণির ইতিহাস ও সমাজবিজ্ঞান বইকে কেন্দ্র করে আবারও বিতর্ক শুরু হয়। বই দুটিতে দেখা যায়, পৌরাণিক কাহিনী, পৌত্তলিকতা, হিন্দুত্ববাদী ধ্যান-ধারণা ও মুসলিমবিদ্বেষী ইতিহাসের বয়ানে ভরপুর! এতে দেশপ্রেমিক নাগরিক সমাজ হতবাক হয়ে যান। এ উপমহাদেশে ব্রিটিশ শাসনপূর্ব মুসলিম শাসকদের ন্যায়পরায়ণতা ও ইনসাফপূর্ণ শাসনব্যবস্থার কথা সর্বজনবিদিত। ২০১৮ সালের আগস্টে কলকাতার আনন্দবাজার পত্রিকাকে দেয়া এক আলোচিত সাক্ষাতকারে যুক্তরাষ্ট্রের কলাম্বিয়া বিশ^বিদ্যালয়ে এশিয়া চর্চার অধ্যাপক ও ভাষাতাত্ত্বিক শেলডন পোলক বলেছিলেন, ‘মুসলমান শাসকরা জোর করে ধর্মান্তর করালে ভারতে একজনও হিন্দু থাকত না। কারণ, মুসলমান শাসকরা ভারতে প্রায় বারোশো বছর রাজত্ব করেছিলেন।’ অথচ ওই পাঠ্যবই দুটিতে হিন্দুত্ববাদী সাম্প্রদায়িক ইতিহাসের বয়ান ঢুকিয়ে উপমহাদেশের ব্রিটিশ শাসনপূর্ব মুসলিম শাসকদের মিথ্যাচারপূর্বক হেয় করা হয়েছে এবং অন্য ধর্মের শাসকদের তুনায় তাদের নিচুভাবে দেখানো হয়েছে

